

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
প্রশাসন শাখা-ক
www.ansarvdp.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০১১.২৪.০০২৮.২১.১৩৩৯

তারিখ: ৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: উপকারী বৃক্ষের সামাজিক বনায়নের পরিকল্পনা তৈরিপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।
সূত্র: বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.
০০০০.০১১.১০.০৩৭.২৪.১০৬০, তারিখ: ১৫/০৫/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, রেঞ্জ কমান্ডারগণের ৫৭তম সভার কার্যবিবরণীর ক্রমিক নং ৩৩ এর নির্দেশনা মোতাবেক উপকারী বৃক্ষের সামাজিক বনায়নের প্রস্তাবনা তৈরিপূর্বক স্থানীয় খাস জমিতে জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক সামাজিক বনায়নের উদ্যোগ গ্রহণ, হটিকালচার কর্মকর্তার সঙ্গে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট এলাকায় কোন গাছ সামাজিক বনায়নের জন্য উপকারী তা নির্বাচন, ব্যক্তিগত বনায়ন না করে সামাজিক বনায়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে, যাতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বনায়ন কার্যক্রম দৃশ্যমান ও কার্যকর হয়।

- ২। এতদপ্রেক্ষিতে, উপমহাপরিচালক, রেঞ্জ (সকল), পরিচালক, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা মহোদয় কর্তৃক সংযুক্ত ক্রোড়পত্র-ক মোতাবেক রেঞ্জাধীন জেলাসমূহের সামাজিক বনায়ন সংক্রান্ত পরিকল্পনা প্রতিবেদন একত্রিত করে ২৪/০৬/২০২৫ তারিখ ১২০০ ঘটিকার মধ্যে সফট কপি (Nikosh ফন্টে) ওয়েব-মেইল (ddadmin@ansarvdp.gov.bd) ঠিকানায় এবং হার্ড কপি প্রশাসন শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকায় প্রেরণের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসন, গণমাধ্যমকর্মী ও গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে সামাজিক বনায়ন এর উদ্বোধনী অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
মাদারীপুর।

স্মারক নং ৪৪.০৩.৩০৫৪.০০২.০০.০০০.২৫-০০৭

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩২
২৬ জুন ২০২৫

অনুলিপি:

- ১। উপমহাপরিচালক - সদয় অবগতির জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা - সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে
সদর/রাইজের/শিবচর/কালকিনি/ডাসার, মাদারীপুর। যে, মাদারীপুর জেলাধীন সকল উপজেলাসমূহে উপর্যুক্ত পত্রের
মর্মানুযায়ী কার্যক্রম গ্রহণপূর্বক আগামী ২৪/০৬/২০২৫খ্রি.
তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে ক্রোড়পত্র-ক মোতাবেক
(Nikosh ফন্টে) অত্র জেলা কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ
করার জন্য বলা হলো।
- ৩। অফিস/মাস্টার কপি। -সংরক্ষণের জন্য।

বিষয়টি অতীব জরুরী

০০৩.০৬.২০২৫

ফারজানা রহমান
বিএডি নং-১২০১৯০
জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
মাদারীপুর।

২৩/৬

